



DementiaUK

Helping families face dementia

অ্যাডমিরাল নার্সেস

পরিবারগুলির জন্য
প্রয়োজনীয় ডিমেনশিয়া
বিশেষজ্ঞদের সহায়তা

‘Admiral Nurse’

Bengali

অ্যাডমিরাল নার্সেস

আমরা জানি যে, ডিমেনশিয়া রোগ নিয়ে জীবনযাপন করা একটি দুর্কহ ও একাকীত্বে ভরা অভিজ্ঞতা।

প্রতিটি দিন ডিমেনশিয়ার সাথে আরও ইতিবাচক জীবনযাপনে প্রয়োজনীয় সরাসরি সহায়তা, বিশেষজ্ঞের পরামর্শ এবং বাস্তবোচিত সমাধান প্রদান করতে অ্যাডমিরাল নার্সগণ পরিবারের সাথে একসাথে কাজ করে থাকেন।

বেশিরভাগ অ্যাডমিরাল নার্সগণ এন এইচ এস-এর জন্য বিভিন্ন কমিউনিটিতে, এবং বাকিরা পরিচর্যাগৃহে, হাসপাতালে এবং অনাথাশ্রমে কাজ করে থাকেন।

একজন অ্যাডমিরাল নার্স আমাকে কীভাবে সাহায্য করতে পারেন?

- ভাববিনিময় যদি কঠিন হয়ে ওঠে, তাহলে আপনার ভালবাসার মানুষটির সঙ্গে জুড়ে থাকার ব্যাপারে আপনাকে সাহায্য করার মতো একজন দক্ষ ও কৌশলী অ্যাডমিরাল নার্স আপনার হাতে কাছে রয়েছে।
- যদি ডিমেনশিয়ায় আক্রান্ত কোনো ব্যক্তির মধ্যে ভয় বা অস্বস্তির লক্ষণ পরিলক্ষিত হয়, তবে একজন অ্যাডমিরাল নার্স সেটির প্রতিরোধ বা সামলানোর সেরা উপায় খুঁজে বের করতে আপনার সাথে কাজ করবেন।
- আপনার পরিবারের জন্য এই পরিস্থিতি সামলানো যদি কঠিন হয়ে পড়ে, তাহলে আপনাকে সেরা সম্ভাব্য অতিরিক্ত পরিচর্যা এবং সহায়তা পেতে সহায়তা করতে একজন অ্যাডমিরাল নার্সকে আপনি পাশে পাবেন।
- আপনি কোনো প্রশ্নের সদুত্তর না পেলে, একজন অ্যাডমিরাল নার্স সমন্বয়ে আপনার সমস্যাটি বোঝার চেষ্টা করবেন এবং সেটির সমাধানে আপনাকে প্রয়োজনীয় বিশেষজ্ঞের সহায়তা দেবেন।

অ্যাডমিরাল নার্সেস নামটি এই দাতব্য কেন্দ্রের প্রতিষ্ঠাতা ফ্যামিলী অফ জোসেফ লেভি সিবিই বিইএম রেখেছিলেন। জোসেফের ভাসকুলার ডিমেনশিয়া ছিল এবং তাঁকে স্মেহ করে “অ্যাডমিরাল জো” নামে ডাকা হত কারণ সে নৌভ্রমণ করতে ভালবাসত।

ডিমেনশিয়া ইউকে-এর
তরফথেকে অ্যাডমিরাল
নার্সদের প্রতিনিয়ত
প্রশিক্ষণ, মানোন্নয়
ও সহায়তা প্রদান
করা হয়। প্রতিটি
অ্যাডমিরাল নার্স
পরিষেবা ডিমেনশিয়া
ইউকে এবং একটি
আয়োজক সংস্থার যৌথ
উদ্যোগে পরিচালিত হয়,
যার মধ্যে এনএইচএস,
স্থানীয় প্রশাসন ও অন্যান্য
দাতব্য কেন্দ্রগুলি অন্তর্ভুক্ত
থাকতে পারে।



ডিমেনশিয়ার পক্ষ থেকে একটি
প্রশিক্ষণ ও উন্নয়ন কার্যক্রমের
আয়োজন করা হয় যাতে নার্সগণ
ডিমেনশিয়া সংক্রান্ত সাম্প্রতিক শিক্ষা ও
গবেষণাগুলির ব্যাপারে ওয়াকিবহাল থাকতে পারে।
যে সমস্ত পরিবারগুলি এইসব নার্সদের পরিচর্যাধীন থাকবেন
তারা যেন প্রকৃত বিশেষজ্ঞ হন এবং তাদের পাশে থেকে তাদের পরিচর্যা দিতে
পারেন আমরা সেই বিষয়গুলিকেই সুনিশ্চিত করি।

সহায়তা প্রয়োজন এমন সকলেই যেন তা পান, আর তাই গোটা ইউকে জুড়ে
অ্যাডমিরাল নার্সদের সংখ্যা বৃদ্ধি করা এখন আমাদের কাছে সবচেয়ে অগ্রগণ্য
বিষয়। আমাদের সাহায্য করার জন্য বা সহায়তা পাবার জন্য
www.dementiauk.org দেখুন।

“ঝড়ের মধ্যে একটা লাইট হাউজের মতো আমার অ্যাডমিরাল নার্স
সর্বদা আমার প্রতিটি পদক্ষেপে আমার সঙ্গে থেকেছেন, আমাকে
আশ্বস্ত করেছেন এবং আমার প্রয়োজনীয় সহায়তাগুলি আমাকে
দিয়েছেন।”



DementiaUK

Helping families face dementia

আপনার স্থানীয় অ্যাডমিরাল নার্সিং পরিষেবার সঙ্গে যোগাযোগ করুন



পরামর্শ ও সহায়তা

পরামর্শ ও সহায়তার জন্য, আমাদের অ্যাডমিরাল নার্সিং-এর সাথে ডিমনেশিয়া হেল্পলাইন নম্বর 0800 888 6678-এ, অথবা ইমেল helpline@dementiauk.org -এ যোগাযোগ করুন।
ডিমনেশিয়া ইউকে-র সঙ্গে যোগাযোগ করুন

info@dementiauk.org

www.dementiauk.org

অ্যাডমিরাল নার্সিং-কে সাহায্য করুন

আমাদের গুরুত্বপূর্ণ কাজগুলিতে অর্থসংস্থানের জন্য আমরা স্বেচ্ছাদানের উপর নির্ভর করে থাকি। আপনার করা একটি দানের মধ্যে দিয়ে আপনি ডিমনেশিয়া আক্রান্ত পরিবারগুলিরকে বিশেষজ্ঞের পরিচর্যা ও সহায়তাপেতে সাহায্য করতে পারেন।

অনুগ্রহ করে 0300 365 5500

নম্বরে কল করুন অথবা www.dementiauk.org/donate দেখুন

অনুগ্রহ করে মনে রাখবেন যে এই হেল্পলাইনে শুধুমাত্র ইংরেজিভাষী নার্স উপলব্ধ।

© ডিমনেশিয়া ইউকে 2019

ডিমনেশিয়া ইউকে হ'ল ইংল্যান্ড ও ওয়েলস (1039404)
এবং স্কটল্যান্ডে (SCO47429) অবস্থিত একটি নিবন্ধিত দাতব্যকেন্দ্র।



Registered with
FUNDRAISING
REGULATOR

DUKIL05